পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৫
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4075
Fax : 88-02-9667222
E-mail :vcoffice@du.ac.bd, registrar@du.ac.bd

মেমো নংঃ- ৫৪৩-৫৫০(১)/শা-২/প.

তারিখঃ ১৯ মাঘ ১৪২৪ / ০১ ফেব্রুয়ারি ২০১৮

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
৩। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৪। অধ্যক্ষ, বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৫। অধ্যক্ষ, শহীদ সোহরাওয়ার্দী সরকারি কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, গুলশান, ঢাকা।

সংশোধিত ২০১৬ সনের অনার্স ৪র্থ বর্ষ নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

মহোদয়,
পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১২-১৩ শিক্ষাবর্ষের ২০১৬ সনের ৪র্থ বর্ষ অনার্স বিএ/বিএসএস/বিবিএ/বিএসসি কোর্সের পরীক্ষার পরীক্ষার্থীদের আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের ডাটা এন্ট্রি ও আনুষঙ্গিক নিয়ম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে।

ক্র. নং	পরীক্ষার্থীদের ফি এর বিবরণ	টাকা	পরীক্ষার্থী কর্তৃক আবেদন ফরমপূরণ শুরু ও জমাদানের শেষ তারিখ	ব্যাংক ড্রাফটের তারিখ	ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিবরণী ফরম, সফটকপি ও অন্যান্য কাগজপত্র জমাদানের শেষ তারিখ
০১	তত্ত্বীয় প্রতি পূর্ণ পত্রের জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে	২০০/-	০১/০২/২০১৮ বৃহস্পতিবার থেকে ১৭/০২/২০১৮ শনিবার	১৮/০২/২০১৮ রবিবার	১৯/০২/২০১৮ সোমবার
০২	তত্ত্বীয় প্রতি অর্ধ পত্রের জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে	১৪০/-			
০৩	ব্যবহারিক (প্রতি পত্র/কোর্সের জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে)	২০০/-			
০৪	রিসার্স প্রজেক্ট ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য প্রযোজ্য ক্ষেত্রে)	২০০/-			
০৫	মৌখিক ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)	২০০/-			
০৬	ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) ক. বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে ১০০/- টাকা খ. কলেজ ফান্ডে জমা হবে ২০০/- টাকা	৩০০/-			
০৭	বিশেষ অন্তর্ভুক্তি ফি (প্রতি কোর্স গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য পত্র প্রতি ফি ও অন্যান্য ফি এর অতিরিক্ত ফি প্রতি পরীক্ষার্থীর জন্য)	৩০০/-			
০৮	সাময়িক সনদ ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)	৩০০/-			
০৯	নম্বরপত্র ফি প্রতি পরীক্ষার্থীর জন্য	৪৫০/-			
০৫	কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে ক. কলেজের অংশ ১৫০/- টাকা খ. কেন্দ্রের অংশ ৩০০/- টাকা	৪৫০/-			
০৬	কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে	১২০/-			
০৭	মাঠকর্ম ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)- ক. বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে ১০০/- টাকা খ. কলেজ ফান্ডে জমা হবে ১০০০/- টাকা	১১০০/-			
০৮	টার্ম পেপার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)- ক. বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে ১০০/- টাকা খ. কলেজ ফান্ডে জমা হবে ১৫০/- টাকা	২৫০/-			

০১. আবেদন ফরম সংগ্রহঃ

অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার আবেদন ফরম পরীক্ষার্থী নিজে অথবা কলেজে কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (https://7college.du.ac.bd) থেকে প্রিন্ট করে অথবা প্রিন্টকৃত কপি থেকে ফটোকপি করে নিতে পারবেন। পরীক্ষার্থী নিজে আবেদন ফরমপূরণ করার পর নির্ধারিত ফি-সহ স্ব-স্ব বিভাগ/অফিসে জমা দিবে।

০২. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীঃ

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

২০১২-২০১৩ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত এবং ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় Promoted ছাত্র-ছাত্রীগণ নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৬ সনের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য

* ২০০৯-২০১০, ২০১০-২০১১ ও ২০১১-১২ শিক্ষাবর্ষে নিবন্ধিত যে সকল ছাত্র/ছাত্রী ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা অনুপস্থিত রয়েছে তারা গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে ২০১৬ সালের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় ঐ সকল কোর্সে অংশগ্রহণ করতে পারবেন।

* ২০০৯-২০১০, ২০১০-২০১১ ও ২০১১-২০১২ শিক্ষাবর্ষের পরীক্ষার্থী যারা ২০১২, ২০১৩ ও ২০১৪ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় Promoted হয়ে অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা ২০১৫ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করে Promoted হয়েছে সে সকল পরীক্ষার্থী ২০১৬ সালের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবেন।

০৩. পরীক্ষার্থীদের জন্য করনীয় ঃ

পরীক্ষার্থীগণ আবেদন ফরম সংগ্রহ করার পর স্বহস্তে রেজিস্ট্রেশন কার্ড দেখে সঠিকভাবে পূরণ করে নির্ধারিত ফি-সহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে বিষয় কোড সঠিক এন্ট্রি করা হয়েছে কি না দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে। আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে সিলেবাসে উল্লিখিত বিষয় কোড (ব্যবহারিকসহ) লিখতে হবে। বিষয় কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না। আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে বিশেষ করে নিজের নাম, পিতার নাম, বিষয় ও বিষয় কোড লিখতে ভুল হলে তা পুনরায় সঠিকভাবে লিখতে হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে কোন প্রকার ভুল থাকলে তা প্রবেশপত্র ইস্যুর আগেই রেজিস্ট্রেশন কার্ড সংশোধন করে নিতে হবে। আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ও ৩য় বর্ষ থেকে ৪র্থ বর্ষে প্রমোশনের রেজাল্ট কপিসহ নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব কলেজের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

০৪. কলেজের জন্য করণীয় ঃ

যে সকল পরীক্ষার্থী ২০১৬ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য আবেদন জমা দিবে তাদের আবেদনপত্র যাচাই বাছাই পূর্বক ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রেরিত নির্দিষ্ট এক্সেল ফরমেটে Captal Letter -এ সঠিক ও নির্ভুলভাবে এন্ট্রি করে বিশ্ববিদ্যালয়ে হার্ডকপি ও সফ্টকপি জমা দিতে হবে। এখানে উল্লেখ্য যে পরীক্ষার্থীদের আবেদন ফরম থেকে তার রেজাল্ট ও রেজিস্ট্রেশন তথ্য নিভূলভাবে যাচাইপূর্বক এক্সেল ফরমেটে নির্দিস্ট সময়ের মধ্যে এন্ট্রি করে বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করতে হবে। পরীক্ষার্থীদের তথ্য প্রেরণে কোন প্রকার ভুল থাকলে তার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে। এছাড়াও ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণী যাচাই করার পর সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি বেঁধে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নির্ধারিত তারিখে জমা দিবে এবং এর ফটোকপি কলেজ সংরক্ষণ করবে।

০৫. ফি জমাদানের পদ্ধতি ঃ

২০১৬ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষ "DU-Affiliated Colleges" শিরোনামে হিসাব নং:-৪৪০৫৭০৩০০০০৬৬ এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারকরে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের

প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা নগদ টাকা বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে এবং কলেজ কর্তৃপক্ষের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে প্রদান করবে।

০৬. ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ ঃ

অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার্থীদের ফরমপূরণ সময় ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০১১-১২, ২০১০-১১ ও ২০০৯-২০১০ শিক্ষাবর্ষের অনিয়মিত পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কোর্সের পেপার কোড নম্বর ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর এক্সেলে এ প্রেরণ করতে হবে। এর এককপি নম্বরপত্র সংশ্লিষ্ট শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট প্রেরণ এবং এক কপি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে।

আপনার বিশ্বস্ত

(মোঃ বাহালুল হক চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালয়
Email: examcontrollera7c@du.ac.bd